২২ এপ্রিল ২০২৪ সোমবার
entertainment@jjdbd.com
যায়যায়দিন

North South University Library

# তীব্র গরমে অনলাইনে পাঠদান শুরু বিশ্ববিদ্যালয়গুলোতে

■ যাযাদি ডেস্ক

দেশজুড়ে বয়ে যাওয়া তীব্র তাপপ্রবাহের কারণে শিক্ষার্থীদের কথা চিন্তা করে অনির্দিষ্টকালের জন্য অনলাইন ক্লাস সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। প্রতিষ্ঠানগুলো হলো- ঢাকা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বেসরকারি ব্র্যাক ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসেফিক ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

রোববার থেকেই কয়েকটি বিশ্ববিদ্যালয়ে অনলাইন পাঠদান শুরু হয়েছে। আজ থেকে অন্যান্য প্রতিষ্ঠানেও শুরু হচ্ছে। আগামী ২৭ এপ্রিল পর্যন্ত চলবে অনলাইনে ক্লাস। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীদের বিষয়টি জানানো হয়েছে।

এছাড়া মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার আওতাধীন বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (ইংলিশ মিডিয়াম স্কুল) তীব্র গরমে বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সরকার।

এদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আগামী ৩০ এপ্রিল পর্যন্ত ক্লাস-পরীক্ষা যথারীতি চলবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনলাইন ক্লাসের সিদ্ধান্তের কথা রোববার দুপুরে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রবীর কুমার স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, সারাদেশের ওপর দিয়ে প্রবহমান তীব্র তাপপ্রবাহের কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পরবর্তী নির্দেশ না



দেওয়া পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, বর্তমানে প্রচলিত ১০ শতাংশ অনলাইন ক্লাসের পরিবর্তে শতভাগ অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে এবং পরীক্ষাগুলো চলমান থাকবে।

বিজ্ঞপ্তিতে কোনো শিক্ষার্থী হল অথবা বাসার বাইরে আসতে চাইলে স্বাস্থ্যঝুঁকি এড়াতে কিছু স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সঙ্গে চলাফেরার পরামর্শও দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এগুলো হলো-সাদা বা হালকা রঙের ঢিলেঢালা সুতি পোশাক পরিধান করা, যথাসম্ভব ছায়াযুক্ত স্থানে থাকা, বাইরে যেতে হলে মাথায় ক্যাপ বা ছাতা ব্যবহার করা, বিশুদ্ধ পানি পান করা, প্রয়োজনে খাবার স্যালাইন পান করা এবং তাপমাত্রা বৃদ্ধিকারী পানীয়,

● পৃষ্ঠা ১৫ কলাম ১

যেমন চা ও কফি পান থেকে বিরত থাকা।

এদিকে, তীব্র দাবদাহে চলতি সপ্তাহের সব ক্লাস অনলাইনে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রশাসন। রোববার বিশ্ববিদ্যালয়ের ডিন ও চেয়ারম্যানদের নিয়ে এক আলোচনা সভায় এ সিদ্ধান্ত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. আইনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, তীব্র দাবদাহের কারণে শিক্ষার্থীদের কথা চিন্তা করে চলতি সপ্তাহের সব ক্লাস অনলাইনে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ সময় কোনো বিভাগের পরীক্ষা থাকলে তা ওই বিভাগ রিসিডিউল করে পরীক্ষা নেবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় অনাবাসিক বিশ্ববিদ্যালয়। বাসে যাতায়াত করতে শিক্ষক-শিক্ষার্থীদের অনেক কষ্ট হয়। এই তীব্র তাপমাত্রায় অনেকে অসুস্থ হয়ে পড়ছে। তাই চলতি সপ্তাহে ক্লাস অনলাইনে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আগামী ৩০ এপ্রিল পর্যন্ত ক্লাস-পরীক্ষা যথারীতি চলবে। গরমের কারণে নতুন কোনো সিদ্ধান্ত নেয়নি বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে আগামী ২ মে ক্লাস স্থগিত করা হয়েছে কিন্তু পরীক্ষা চলবে।

রোববার দুপুরে রাবি উপাচার্যের উপস্থিতিতে হওয়া এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিষয়টি নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক ড. প্রণব কুমার পাণ্ডে জানান, রাজশাহীর তাপমাত্রা এখনো কিছুটা সহনীয় পর্যায়ে আছে। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, বিশ্ববিদ্যালয়ের গ্রীষ্মকালীন ছুটি আগামী ৩ মে থেকে শুরু হবে। ২ মে শুধু ক্লাস বন্ধ থাকবে। কিন্তু যে বিভাগগুলোর পরীক্ষা আছে তা যথাসময়েই অনুষ্ঠিত হবে। এছাড়া ক্যাম্পাসে বিদ্যুৎ নিরবচ্ছিন্ন সরবরাহ রাখতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সর্বোচ্চ চেষ্টা চালানো হবে।

অন্যদিকে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার আওতাধীন বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (ইংলিশ মিডিয়াম স্কুল) তীব্র দাবদাহে বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সরকার।

রোববার ঢাকা শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঁঞা স্বাক্ষরিত চিঠিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, তীব্র দাবদাহের কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার আওতাধীন বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে আগামী ২৫ এপ্রিল পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ রাখার অনুরোধ করা হলো।

চিঠিতে ২৬ এপ্রিল শুক্রবার ও ২৭ এপ্রিল শনিবার সাপ্তাহিক ছুটি থাকায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে আগামী ২৮ এপ্রিল রোববার থেকে শ্রেণি কার্যক্রম শুরু তথা স্কুল খোলার জন্য নির্দেশ দেওয়া হয়।

এছাড়া তীব্র তাপপ্রবাহের মধ্যে অনলাইনে ক্লাস নেওয়ার ঘোষণা দিয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসেফিক ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়। রোববার থেকে বিশ্ববিদ্যালয়ে অনলাইন পাঠদান শুরু। অনলাইনে পাঠদান চলবে২৭ এপ্রিল পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীদের বিষয়টি জানানো হয়েছে।

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসেফিকের অফিসিয়াল ফেসবুক পেজে জানায়, অতিরিক্ত তাপমাত্রার কারণে ২১ এপ্রিল থেকে ২৭ এপ্রিল পর্যন্ত অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ব্র্যাক ইউনিভার্সিটিও প্রচণ্ড গরমের কারণে শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকির বিষয়টি বিবেচনা করে অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছে।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দেশে চলমান তাপপ্রবাহের কারণে এনএসইউতে রোববার থেকে ২৭ এপ্রিল পর্যন্ত সব ক্লাস অনলাইনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, দেশে চলমান তীব্র তাপপ্রবাহের কারণে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের স্কুল-কলেজগুলোতে ৫ দিনের ছুটি ঘোষণা করে শিক্ষা মন্ত্রণালয়। অনির্দিষ্টকালের জন্য ছুটি ঘোষণা করে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রশাসনও।

এদিকে, দেশে চলমান তীব্র তাপদাহে স্বাস্থ্য ঝুঁকি এড়াতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) সব ক্লাস আজ সোমবার থেকে ৩০ এপ্রিল পর্যন্ত অনলাইনে অনুষ্ঠিত হবে। এ সময় অনুষ্ঠিতব্য সব পরীক্ষা যথারীতি চলমান থাকবে।

রোববার বিকেলে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরি সভায় অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিসের উপপরিচালক মো. ফয়সল মাহমুদ জানান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বাস্থ্য ঝুঁকির বিষয়টি বিবেচনা করে এ সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। একইসাথে শিক্ষার্থীদের হল অথবা বাসায় থাকাসহ অন্যান্য প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনেরও পরামর্শ দেওয়া হয়েছে।

এছাড়া তীব্র তাপদাহের কারণে শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি এড়াতে দেশের সকল অধিভুক্ত ফাজিল ও কামিল মাদ্রাসাকে স্বশরীরে ক্লাস বন্ধ রেখে অনলাইন ক্লাস চালুর নির্দেশনা দিয়েছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

রোববার এ সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম কর্তৃক জারিকৃত এক নির্দেশনায় বলা হয়, স্বাস্থ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ অবহাওয়া অধিদপ্তরের পরামর্শক্রমে রোববার থেকে ২৭ এপ্রিল পর্যন্ত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত সকল ফাজিল ও কামিল মাদ্রাসার ক্লাসগুলো বন্ধ থাকবে। তবে শিক্ষার্থীদের ভর্তিসহ ফরম পূরণ ও যাবতীয় প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য মাদ্রাসার অফিসগুলো খোলা থাকবে। এছাড়াও এ সময়ের মধ্যে শিক্ষার্থীসহ সকল শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্যঝুঁকি এড়াতে দিনের বেলা যথাসম্ভব বাইরে বের হওয়া থেকে বিরত থাকা, বের হলে প্রয়োজনে ছাতা, টুপি/ক্যাপ ব্যবহার করা, প্রচুর পরিমাণে বিশুদ্ধ পানি ও লেবুর শরবত পান করা, ঘরের পরিবেশ যেন অতিরিক্ত গরম বা ভ্যাপসা না হয় সেদিকে খেয়াল রাখা এবং বেশি অসুস্থ বোধ হলে দ্রুত নিকটস্থ চিকিৎসকের কাছে যাওয়ার পরামর্শ দেওয়া হয়।